Most Immediate

By Fax/ Diplomatic Bag/ E-mail

From : MOFA, Dhaka
To : All Bangladesh Missions abroad (except Honorary Consulates)
No. : 19. 00.0000.625.02.003.22/45
Date : 12 February 2025
Subject: Input from the Missions on the celebration of 'Youth Festival-2025'

Head of Chancery from Director (Public Diplomacy)

With reference to the Ministry's fax message no. 19. 00.0000.625.02.003.22/18, dated 20 November 2024, I am attaching herewith a self-explanatory OM received from the Ministry of Youth and Sports seeking inputs on the celebration of the 'Youth Festival-2025' at Bangladesh Missions abroad.

02. In view of the above, the Ministry requests all Bangladesh Missions abroad to **share their inputs on celebrating the 'Youth Festival-2025' to the Public Diplomacy Wing following the prescribed format as mentioned in the attached OM by 14 February 2025.**

03. This is for your kind information and urgent necessary action.

Encl: As stated

With kind regards,

ফাহমিদ ফারহান

(Fahmid Farhan)

ফ্যাক্স/ ই-মেইল বার্তা

প্রতি : পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
হতে : বাংলাদূত, কুয়েত
নম্বর : কুয়েত-প্রশাসন-০৪/ 'তারুণ্যের উৎসব/২০২৫
তারিখ : ১৪ ফেব্রুয়ারি ২০২৫
বিষয় : 'তারুণ্যের উৎসব-২০২৫' উপলক্ষ্যে গৃহিত কার্যক্রমের প্রতিবেধন প্রেরণ প্রসঙ্গে।
সূত্র : ১৯.০০.০০০০.৬২৫.০২.০০৩.২২/৪৫

পরিচালক (জনকূটনীতি) বরাবর কাউন্সেলর ও দূতালয় প্রধান হতে

উপরোল্লিখিত সূত্রসমূহের ফ্যাক্স/ ই-মেইল বার্তাসমূহের আলোকে জানানো যাচ্ছে যে **'তারুণ্যের উৎসব-২০২৫'** উপলক্ষ্যে গৃহিত কার্যক্রমের প্রতিবেধন মন্ত্রণালয় প্রেরিত ছক মোতাবেক তৈরি করা বিবরণ নির্দেশক্রমে নিম্নে উপস্থাপন করা হলো।

ইভেন্টের নাম	ইভেন্টের সংখ্যা			অংশগ্রহণকারীর সংখ্যা			অনুষ্ঠানে উপস্থিত গুরুত্বপূর্ণ ব্যক্তিত্ব (উপদেষ্টা/ সচিব/অন্যান্য)
	নারী	পুরুষ	মোট	নারী	পুরুষ	মোট	
প্রবাসী বাংলাদেশীদের অংশগ্রহণে ক্রিকেট ম্যাচ	০	১	১	২৫	৪০৫	৪৩০	
রক্তদান কর্মসূচী	১	১	২	৩৫	৩০৫	৩৪০	

উল্লেখিত তথ্য আপনার সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

১৪/০২/২০২৫

(মোহাম্মদ মনিরুজ্জামান)

১. প্রবাসী বাংলাদেশীদের অংশগ্রহণে ক্রিকেট ম্যাচ

৩০ জানুয়ারী ২০২৫ তারিখে 'তারুণ্যের উৎসব ২০২৫' উদযাপনের অংশ হিসেবে বাংলাদেশ দূতবাস, কুয়েত-এর পৃষ্ঠাপোষকতায় কুয়েত প্রবাসী বাংলাদেশীদের ক্রীড়া সংগঠন বাংলাদেশ ক্রিকেট এসোসিয়েশন কুয়েত একটি ক্রিকেট ম্যাচের আয়োজন করে। কুয়েত প্রবাসী বাংলাদেশী তরুণ প্রজন্মকে বিভিন্ন খেলাধুলা, সামাজিক এবং সাংস্কৃতিক কার্যক্রমের সঙ্গে সম্পৃক্ত হওয়ার নিমিত্তে উৎসাহিতকরণের লক্ষ্যে ব্যাপক উৎসাহ-উদ্দীপনায় পালিত হয় তারুণ্যের উৎসব-২০২৫।

উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, কুয়েত-এ নিযুক্ত বাংলাদেশের মান্যবর রাষ্ট্রদূত মেজর জেনারেল সৈয়দ তারেক হোসেন, ওএসপি, এডব্লিউসি, পিএসসি। ম্যাচ শেষে মান্যবর রাষ্ট্রদূত মহোদয় বিজয়ী দলের খেলোয়ারদের মাঝে পুরুষ্কার বিতরণ করেন।













২. রক্তদান কর্মসূচী

৩১ জানুয়ারী ২০২৫ তারিখে 'তারুণ্যের উৎসব-২০২৫' উদযাপনের অংশ হিসেবে বাংলাদেশ দূতাবাস, কুয়েত ও ইউএন হ্যাবিট্যাট (UN HABITAT), কুয়েত-এর যৌথ উদ্যোগে কুয়েত সেন্ট্রাল ব্লাড ব্যাংক, জাবরিয়ায় রক্তদান কর্মসূচির আয়োজন করা হয়। কুয়েতে নিযুক্ত বাংলাদেশের মান্যবর রাষ্ট্রদূত মেজর জেনারেল সৈয়দ তারেক হোসেন ওএসপি, এডব্লিউসি, পিএসসি এবং ইউএন হ্যাবিট্যাট (UN HABITAT), কুয়েত-এর প্রধান ড. আমিরা আল হাসান যৌথভাবে উক্ত রক্তদান কর্মসূচির শুভ উদ্বোধন ঘোষণা করেন। উক্ত রক্তদান কর্মসূচিতে কুয়েত-এ নিযুক্ত নেপাল, মিয়ানমার ও লাওস-এর মান্যবর রাষ্ট্রদূতগণসহ কুয়েতে বসবাসরত প্রবাসী বাংলাদেশী, বিভিন্ন প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়াসহ দূতাবাসের এর কর্মকর্তা-কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

কুয়েতে নিযুক্ত মিয়ানমান-এর মান্যবর রাষ্ট্রদূতের রক্তদানের মধ্য দিয়ে এ রক্তদান কর্মসূচির সূচনা হয় এবং ৩০০-এর অধিক প্রবাসী বাংলাদেশী এই কর্মসূচিতে রক্তদান করেন। মূলত কুয়েত প্রবাসী বাংলাদেশী তরুন প্রজন্মকে বিভিন্ন খেলাধুলা, সামাজিক এবং সাংস্কৃতিক কাযক্রমের সঙ্গে সম্পৃক্ত হওয়ার নিমিত্তে উৎসাহিতকরণের লক্ষ্যে এই রক্তদান কর্মসূচির মাধ্যমে ব্যাপক উৎসাহ-উদ্দীপনায় পালিত হয় তারুণ্যের উৎসব-২০২৫।











